

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
আইন শাখা
সিভিক সেক্টর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নং : ৪৭.৬১.০০০০.০৬৫.১৮.০০১.০৬.-৩৩৬

তারিখ : ০৬ কার্তিক, ১৪৩০।
২২ অক্টোবর, ২০২৩।

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৩(১) বিধিতে বর্ণিত ৩৫ প্রকৃতির সমবায় সমিতির মধ্যে ৩২ নং ক্রমিকে “পেশাজীবী সমবায় সমিতি” ক্যাটাগরিতে একাধিক পেশায় নিয়োজিত ব্যক্তিদের সমন্বয়ে সমবায় সমিতি নিবন্ধনের জন্য আবেদন দাখিল করা হচ্ছে। অথচ উল্লিখিত বিধিতে “পেশাজীবী সমবায় সমিতি” যাহার সদস্যগণ পেশাজীবী হইবেন এবং যাহার উদ্দেশ্য হইবে স্ব স্ব পেশায় জীবিকা নির্বাহ করিয়া সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। কিন্তু স্ব স্ব পেশা বলতে একই সমিতিতে এক বা একাধিক পেশার সদস্য অন্তর্ভুক্তির বিষয়ে বিধিতে সুস্পষ্ট দিক নির্দেশনা নাই।

০২। এ সমস্যা দূরীকরণের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত-২০২০) এর ৩(১) বিধিতে উল্লিখিত ৩৫ প্রকৃতির সমিতির মধ্যে ৩২ নং ক্রমিকে “পেশাজীবী সমবায় সমিতি” গঠন ও নিবন্ধনের ক্ষেত্রে যে কোন একটি মাত্র পেশার সদস্য অন্তর্ভুক্ত হবে মর্মে স্পষ্টীকরণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।

স্বা/-

মুনিমা হাফিজ

নিবন্ধক ও মহাপরিচালক

(অতিরিক্ত দায়িত্ব)

সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং : ৪৭.৬১.০০০০.০৬৫.১৮.০০১.০৬.- ৩৩৬(০১৭)

তারিখ : ০৬ আশ্বিন, ১৪২৩০।
২২ অক্টোবর, ২০২৩।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স/সমিতি ব্যবস্থাপনা/অডিট ও আইন/ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।

২. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ি, কুমিল্লা।

৩. যুগ্মনিবন্ধক,....., সমবায় অধিদপ্তর, ঢাকা।

৪. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রাজশাহী/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

৫. উপনিবন্ধক(সকল)....., সমবায় অধিদপ্তর, ঢাকা।

৬. জেলা সমবায় কর্মকর্তা(সকল).....।

মোঃ কামরুজ্জামান

উপ-নিবন্ধক (আইন)

ফোন: ০২-৮১৪১৫০১।